দৈনিক ইত্তেফাক

৬/৯/২০০১

তারিখ ...

পৃষ্ঠা ২ কলাম ১

# ১৩ সেপ্টেম্বর পর্যন্ত ঢাকা ভার্সিটির পরীক্ষা স্থগিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রদলের লাগাতার ছাত্র ধর্মঘটের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের অনুষ্ঠিতব্য পরীক্ষা আগামী ১৩ সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত ঘোষণা করা হইয়াছে। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে জরুরী সিন্ডিকেট সভায় পরীক্ষা স্থগিত করার এই সিদ্ধান্ত গৃহীত হয়। ছাত্রদলের লাগাতার এই ছাত্র ধর্মঘটের কারণে সর্বমোট ৩৭৫টি পরীক্ষা স্থগিত করা হইল। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রদলের নিকট শিক্ষাজীবন অব্যাহত রাখার লক্ষ্যে পরীক্ষা, লাইব্রেরী, বিভাগীয় অফিস ও পরিবহন ধর্মঘটের আওতামুক্ত রাখার জন্য আহ্বান জানাইয়াছে।